

উপজেলা পরিষদ কার্যালয়
ফুলপুর, ময়মনসিংহ।


স্মারক নং- ০৫.৪৫.৬১৮১.০০০.০১.০৩৪.২০.৫৪৫

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
০২ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এককালীন বৃত্তি প্রদান বিজ্ঞপ্তি

ফুলপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ২০১৯-২০ অর্থবছরে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের জন্য ফুলপুর উপজেলার স্থায়ী বাসিন্দা ২০২০ সালের এস.এস.সি বা সমমান পরীক্ষায় জি.পি.এ ৫.০০ পেয়ে উত্তীর্ণ গরিব ও মেধাবী শিক্ষার্থীগণকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে এককালীন বৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- ০১। আবেদনকারীকে ২০২০ সালের এস.এস.সি বা সমমান পরীক্ষায় কমপক্ষে বিজ্ঞান বিভাগ – জি.পি.এ ৫.০০, বাণিজ্য বিভাগ – ৪.৭৫ ও মানবিক বিভাগ – ৪.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। অন্যথায় আবেদনপত্র সরাসরি বাতিল হবে।
- ০২। আবেদনকারীকে ফুলপুর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং ফুলপুর উপজেলার কোন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ০৩। এককালীন বৃত্তি প্রদানের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার মেধাসম্পন্ন নাতি/নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ০৪। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
 - ক. ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
 - খ. ২০২০ সালের এস.এস.সি বা সমমান পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপি।
 - গ. ফুলপুর উপজেলার স্থায়ী বাসিন্দা মর্মে জন্ম সনদপত্রের কপি এবং ফুলপুর উপজেলার কোন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষার্থী মর্মে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন।
 - ঘ. পিতা/মাতা বা পরিবারের অভিভাবকের মাসিক আয় সংক্রান্ত সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র এর প্রত্যয়নপত্র।
 - ঙ. মুক্তিযোদ্ধার নাতি বা নাতনী হলে বীর মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি এবং আবেদনকারীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক সম্পর্কিত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রত্যয়ন।
 - চ. আবেদনকারী প্রতিবন্ধী হলে উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রত্যয়নপত্র।
- ৫। আবেদনকারী আগামী ১৫/০৬/২০২০ তারিখের মধ্যে ডাকযোগে বা হাতে হাতে এ কার্যালয়ে জমা দিতে হবে। উল্লিখিত তারিখের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৬। নির্ধারিত ফরমে আবেদনপত্রের নমুনা এ কার্যালয়ের ওয়েবসাইট phulpur.mymensingh.gov.bd, ফেসবুক উপজেলা প্রশাসন, ফুলপুর থেকে পাওয়া যাবে।
- ৭। কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


০২/৬/২০২০

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলপুর, ময়মনসিংহ।
ফোনঃ ০৯০৩৩-৫৬০০৫
unofulpur@mopa.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। মাননীয় প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার।
- ০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।
- ০৪। মেয়র, ফুলপুর পৌরসভা, ফুলপুর, ময়মনসিংহ।
- ০৫। চেয়ারম্যান.....(সকল) ইউপি, ফুলপুর, ময়মনসিংহ।
- ০৬। অফিস কপি।